# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-১৩৫/৬৬ তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় : রিট পিটিশন নং ১৯৭৪৩/২০২৫ এ প্রদত্ত স্থগিতাদেশ ও সিভিল পিটিশন ৩৬৬/২০২৬ এর আদেশ মোতাবেক ম্যানেজিং কমিটির কার্যকারিতা বলবৎকরণ প্রসঙ্গে।

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার স্মারক নং বামাশিবো/প্রশা/ ২২৪২৫১২৮৬৫৯১/১১৯৭০২; তারিখ ০৪-১১-২০২৫খ্রি:
২। শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.০৪৬.০৪.০০০৩.২৬.১৫; তারিখ: ১৯/০১/২০২৬ খ্রি:
৩। উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং ০৫.৪৩.৮৮৯৪.০০৬.০৩.০৫৮.২০-৯৪; তারিখ: ১৯/০১/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন বিনায়েকপুর দাখিল মাদ্রাসার (ইআইআইএন-১২৮৬৫৯) সুপার অসৎ উদ্দেশ্যে নিজ স্ত্রীকে সভাপতি করে ম্যানেজিং কমিটির জন্য আবেদন করলে সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। উক্ত মাদ্রাসার সুপারের বিরুদ্ধে অবৈধভাবে ঘুষ গ্রহণ, নিজের স্ত্রীকে কমিটির সভাপতি করা, সহকারী শিক্ষককে ক্ষমতার অপব্যবহার করে সাময়িক বরখাস্ত করেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করলে স্মারক ও তারিখ ঠিক রেখে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ কে সভাপতি করে পুনরায় ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হয়। উক্ত স্মারক পত্রের বিরুদ্ধে সুপার জনাব মো: আব্দুস সামাদ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১৯৭৪৩/২০২৫ নং মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট উক্ত মামলার রায়ে সূত্রোক্ত ০১নং স্মারক পত্রের কার্যকারিতা ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। সূত্রোক্ত ২ নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে সরকার পক্ষে রিট পিটিশনের প্রতিদ্বন্দ্বিতার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নির্দেশ দেয়া হয়। স্থগিতাদেশের বিরুদ্ধে বোর্ড সিভিল পিটিশন ৩৬৬/২০২৬ দায়ের করলে রিট পিটিশন নং ১৯৭৪৩/২০২৫ এর আদেশ ০৮ সপ্তাহের জন্য স্থগিত করা হয়।

বর্ণিত অবস্থায় মহামান্য সুপ্রীম কোর্টের চেম্বার জজ এর ০১/০২/২০২৬ ইং তারিখের আদেশ অনুযায়ী সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ কে সভাপতি করে ম্যানেজিং কমিটির কার্যকারিতা এতদ্বারা বলবৎ থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৯.২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, ম্যানেজিং কমিটি,
উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
বিনায়েকপুর দাখিল মাদ্রাসা, উল্লাপাড়া,
সিরাজগঞ্জ;
২। সুপার/ ভারপ্রাপ্ত সুপার,
বিনায়েকপুর দাখিল মাদ্রাসা
উল্লাপাড়া, সিরাজগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-১৩৫/৬৬/২ তারিখ: ২৬ মাঘ ১৪৩২ / ০৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৪. জনাব মো: আব্দুস সামাদ (মামলার বাদী), বিনায়েকপুর দাখিল মাদ্রাসা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৯.০২.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Jasim Desktop\128659- রিট পিটিশন বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করন বিষয়ে.doc